PG Odd Semester Examination, 2022

BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-305

(সামাজিক ইতিহাসের পটে বিশ শতকের বাংলা সাহিত্য)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. কত তারিখ 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশের সৃষ্টি হয়? 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশের রাজধানী কোথায় ছিল? বঙ্গভঙ্গের পটভূমি এবং বঙ্গভঙ্গের ফলাফল সংক্ষেপে আলোচনা করো। ১+১+১২=১৪

২. বঙ্গভঙ্গের পর কাকে নতুন প্রদেশের গভর্ণর নিযুক্ত করা হয়? কে ঢাকাকে প্রশাসনিক কেন্দ্র ঘোষণা করেন? বঙ্গভঙ্গ রদের কারণ ও প্রতিক্রিয়া সংক্ষেপে আলোচনা করো। ১+১+১২=১৪

খ-গুচ্ছ

৩. কোন চুক্তি দ্বারা জার্মানিকে প্রথম বিশ্বযুদ্ধের জন্য দায়ী করা হয়? কোন ঘটনাকে কেন্দ্র করে মার্কিন যুক্তরাষ্ট্র দ্বিতীয় বিশ্বযুদ্ধে যোগদান করে? বাংলা উপন্যাসের বিষয়গত ও প্রকরণগত পরিবর্তনে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১+১+১২=১৪

৪. প্রথম বিশ্বযুদ্ধ কত সালে শেষ হয়? কোন ঘটনা থেকে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়? প্রথম বিশ্বযুদ্ধোত্তর কালে বাংলা কবিতার পালাবদল বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১+১+১২=১৪

গ-গুচ্ছ

৫. সাম্যবাদের প্রবক্তা কাকে বলা হয়? কাকে ভারতীয় সাম্যবাদের জনক বলা হয়? সাম্যবাদী চেতনা ও আদর্শের নিরিখে কবি কাজী নজরুল ইসলামের কাব্য-প্রতিভার পরিচয় দাও। ১+১+১২=১৪

৬. সাম্যবাদ বলতে কী বোঝো? মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে সাম্যবাদী চিন্তা চেতনার প্রতিফলন বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৪+১০=১৪

ঘ-গুচ্ছ

৭. দেশভাগের আবহকে কেন্দ্র করে লেখা দুটি বাংলা উপন্যাসের নাম উল্লেখ করো। স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাসের আখ্যানে দেশভাগের প্রতিচ্ছবি যতটুকু উচ্চারিত হয়েছে তার থেকেও বেশি রয়ে গেছে নিরুচ্চার। — বিষয়টি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ২+১২=১৪

৮. 'বাংলা উপন্যাসে দেশভাগ : ভগ্ননীড়ের বেদনা'— বইটি কার লেখা? শহীদুল্লা কায়সারের ফেলু মিঞা চরিত্রটি কোন উপন্যাসে আছে? দেশভাগ আসলে আবহমান বাঙালির জাতীয় জীবনে চিরস্থায়ী ও প্রতিকারশূন্য ক্ষত।"— আলোচনায় বিশদ করো। ১+১+১২=১৪

ঙ-গুচ্ছ

৯. 'কৃত্তিবাস' পত্রিকার প্রথম প্রকাশকাল কত? এর সম্পাদক কে ছিলেন? বাংলায় প্রচলিত 'আন্দোলন' শব্দটি ইংরেজি কোন শব্দের প্রতিফলন? 'আন্দোলন' বলতে কী বোঝায়? আন্দোলনের ফলে উদ্ভূত প্রতিবাদের তিনটি স্তর কী কী? শাস্ত্রবিরোধী আন্দোলনের ইস্তেহারগুলি আলোচনা করো। ১+১+১+২+৩+৬=১৪

১০. 'কবিতা' পত্রিকার সম্পাদক কে ছিলেন? সাহিত্য আন্দোলন ও রাজনৈতিক আন্দোলনের তিনটি পার্থক্য উল্লেখ করো। হাংরি আন্দোলনের প্রবক্তা মলয় রায়চৌধুরী তাঁদের সমকালীন কবিতা কেমন হবে সে বিষয়ক যে চৌদ্দ দফা তালিকা প্রকাশ করেছিলেন সেগুলো উল্লেখ করো। ১+৩+১০=১৪